Embassy of the of United States of America

Please bring the ORIGINAL and PHOTOCOPIES of birth, marriage, divorce, death and police certificates to your interview. One photocopy is needed for each applicant. We will keep the photocopies and return the originals. Also bring photocopies of any other documents you wish to have returned (such as original tax documents). Any documents (except evidence of relationships) submitted to the Embassy in connection with an application become property of the Embassy and will not be returned. Please do not bring any CDs, VCDs, DVDs, and Video Cassettes, cameras or cell phones. You are not allowed to carry any of these items into the Embassy for security reasons. For all documents not originally issued in English, the original Bangla version and an English translation must be submitted to the consular section. Please bring the following documents at the time of interview:

- **PASSPORT:** Every intending immigrant must have a valid passport regardless of age. The passport must have at least eight months validity beyond the issuance date of the visa.
- **PHOTOGRAPHS:** Please see the attached photo instruction sheet and bring two (2) photos for each applicant.
- **APPLICATION FOR IMMIGRANT VISA AND ALIEN REGISTRATION FORM (DS-260):** Each applicant should completely fill out the DS-260 Online Immigrant Visa application form. You may find this online immigration visa application form at **https://ceac.state.gov/IV/Login.aspx**
- **REGISTERED BIRTH AND DEATH CERTIFICATES:** For detailed information on birth and death certificates please see attached.
- **MARRIAGE CERTIFICATES:** For detailed information on marriage certificate please see attached.
- **DIVORCE DOCUMENTS:** For you and/or your spouse, if applicable. These documents must be original or certified copies from any U.S. court or registered Kazi office in Bangladesh.
- **MEDICAL REPORT:** After receiving the appointment letter, applicants should get their medical test done as soon as possible. For more information on the medical report please see attached.
- **AFFIDAVIT OF SUPPORT:** An original I-864 Affidavit of Support (AOS) is required from the petitioner for each immigrant visa applicant. Additional Affidavits from other individuals ("joint sponsors") may be submitted if the petitioner's income is not sufficient to support all of the applicants. An original copy of a notarized form I-134 is required for employment categories (skilled and unskilled) from the company for the principal applicant. An I-864 will be required in all follow-to-join cases from the family member in the United States. If your petitioner has already submitted it to NVC, you do not need to bring it again.
- **INCOME TAX RETURNS:** AOS's should be accompanied by copies of U.S. federal income tax returns and supporting W-2 forms for the year on which the Affidavit of Support was executed, current employment letter(s), pay stubs and relevant bank statements.
- **EVIDENCE OF FAMILY RELATIONSHIP:** Please bring wedding and/or family pictures, letters, etc. as evidence of the claimed relationship. Please try to bring photographs that demonstrate your relationship to your petitioner over time, as well as photos that demonstrate your relationship to the derivative applicants in your case (if any). Please label the photos, clearly identifying the petitioner and each beneficiary. Do not bring large albums. Instead, remove all relevant photos from the album and place them in an envelope. Note that if you cannot present convincing proof of the relationship between petitioner and beneficiary, your case will be significantly delayed or a DNA test may be requested.
- **PROOF OF PETITIONER'S RESIDENCY STATUS:** Please bring a clear photocopy of the petitioner's current passport, green card or naturalization certificate.
- **POLICE CERTIFICATES:** For detailed information please see attached.
- **FEES:** If your petitioner/agent has already paid the visa processing fee in the U.S.A, you do not need to pay again. If your petitioner/agent has not paid the fees each immigrant visa applicant must be prepared to pay the visa processing fee of US $325 (or equivalent Taka) at the Consular Section. Only cash (US Dollars or BD Taka) is accepted.
- **Please visit A NEW GUIDE FOR IMMIGRANTS.** This guide contains practical information to help you settle into everyday life in the United States.

Embassy of the of United States of America

Warning: The consular section investigates cases of suspected fraud. **Those cases that contain fraud will result in applicants being found ineligible for life**. If you have information about malfeasance or fraud in the Consular Section, please contact dhakafraud@state.gov

YOU MUST WRITE THE CASE NUMBER ON TOP OR BOTTOM OF ANY DOCUMENT, COPIES OF DOCUMENT/S OR PHOTO ALBUMS WHICH YOU SUBMIT TO THE CONSULAR SECTION. WRITE THE NAME AND THE CASE NUMBER OF THE APPLICANTS ON THE BACK OF THE VISA PHOTOGRAPHS.

আপনি কনস্যুলার সেকশনে ভিসার জন্য যে কাগজপত্র, কাগজপত্রের কপি, ছবির এলবাম জমা দেবেন তার উপরে অথবা নীচে অবশ্যই আপনার কেস নম্বর লিখুন। ভিসা'র জন্য জমা দেওয়া ছবির পেছনে ভিসা আবেদনকারীর নাম এবং কেস নম্বর লিখুন।

PLEASE DO NOT STAPLE OR FOLD ANY DOCUMENT

আপনার নামে যদি "Md", "Mohd", "ATM", "AKM", "MST", "MOST" অর্থাৎ নামের কোন সংক্ষিপ্তরুপ থেকে থাকে তবে DS-260 ফর্মের ৩ নং ঘরে বিস্তারিত লিখুন। যেমন, "Mohammad", "Mohammed", "Mosammat", "Mosammet", ইত্যাদি।

If you have any query, please email us at support-bangladesh@ustraveldocs.com

For more information, please visit: http://dhaka.usembassy.gov/immigrant_visas.html

Embassy of the of United States of America

INSTRUCTONS FOR REGISTERED BIRTH/DEATH CERTIFICATES

The registered birth/death certificate is issued in compliance with the construct 21 rules of the Government of Bangladesh. These rules provide that the birth/death of any person must be registered with the local Birth/Death register office. The government of Bangladesh has designated local birth and death registry offices throughout Bangladesh. Applicants should contact the birth/death register office in their locality (where they were born/where the deceased was buried). The authorized birth/death registrar office is usually the City Corporation, the Pourashava Office, the Union Porishad Office or the Cantonment Board. However, in some rural areas, the Chairman's office provides registered birth/death certificates.

Every birth/death registry office issues formatted certificates. The format of the birth/death certificate should have the serial number of the register, page number of the register where the data is recorded along with the birth/death details of the person whose birth/death is being registered. It should also have information concerning the identity of person who registered the birth/death.

Affidavits of birth from relatives, friends and neighbors will not be accepted. The birth certificate that the petitioner used when first immigrating to the US must also be submitted in IR-5 and F4 cases. In addition, birth certificates should be presented for all unmarried children under age 21, even if they do not wish to or are ineligible to immigrate at this time.

Death certificates from hospitals, clinics or doctors will not be accepted. If your spouse or previous spouse or any family member related to your case processing is deceased, you should obtain the death certificate from the designated death registry office.

নিবন্ধনকৃত জন্ম ও মৃত্যু সার্টিফিকেট এর নির্দেশাবলী:

- বাংলাদেশ সরকার সংগঠিত ২১টি নিয়মের সাথে সংগতি রেখে নিবন্ধনকৃত জন্ম ও মৃত্যু সার্টিফিকেট প্রদান করা হয়।এই নিয়ম অনুযায়ী প্রত্যেক ব্যক্তির জন্ম ও মৃত্যু স্থানিয় জন্ম ও মৃত্যু নিবন্ধনকরন অফিসে নিবন্ধন করতে হয়। বাংলাদেশ সরকার কর্তৃক নিয়োজিত স্থানীয় জন্ম ও মৃত্যু নিবন্ধনকরন অফিস সমগ্র বাংলাদেশে আছে। আবেদনকারীকে তাদের নিকটস্থ জন্ম ও মৃত্যু নিবন্ধনকরন অফিসে যোগাযোগ করতে হবে (যেখানে আবেদনকারীর জন্ম হয়েছে বা যেখানে মৃতকে দাফন করা হয়েছে)। সাধারনত: সিটি করপোরেশন, পৌরসভা অফিস, ইউনিয়ন পরিষদ অফিস অথবা ক্যান্টনমেন্ট বোর্ড জন্ম ও মৃত্যু নিবন্ধনের দায়িত্বে থাকে। এ ছাড়া কোন প্রত্যন্ত এলাকায় চেয়ারম্যান-এর অফিস থেকে জন্ম ও মৃত্যু সার্টিফিকেট প্রদান করা হয়।
  প্রত্যেক নিবন্ধনকরন অফিস তাদের নির্দিষ্ট ফর্মে সার্টিফিকেট প্রদান করে। জন্ম ও মৃত্যু সার্টিফিকেটের ফর্মে অবশ্যই নিবন্ধনের পর্যায়ক্রমিক নম্বর, যে পৃষ্ঠায় তথ্য লিপিদ্ধ করা হয়েছে তার নম্বর, যার জন্ম/মৃত্যু নিবন্ধিত হচ্ছে তার জন্ম/মৃত্যুও বিস্তারিত তথ্য নথিভূক্ত করা থাকে। যে ব্যক্তি জন্ম/মৃত্যু নিবন্ধন করেছে তার পরিচিতিমূলক তথ্যও থাকতে হবে।

  আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব এবং প্রতিবেশীদের কাছ থেকে নেয়া জন্ম সংক্রান্ত এফিডেভিট বা হলফনামা গ্রহণ করা হবে না।
  যুক্তরাষ্ট্রে প্রথম অভিবাসী হয়ে যাবার সময় দরখাস্তকারী যে জন্ম সনদ ব্যবহার করেছেন তাও আইআর-৫ এবং এফ-৪ কেসে জমা দিতে হবে। এ ছাড়াও ২১ বছরের কম বয়েসি সকল সন্তানের ক্ষেত্রে জন্ম তারিখের সনদ জমা দিতে হবে। এই সব সন্তান যদি এই সময়ে অভিবাসী হয়ে যেতে না চান, বা অভিবাসী হওয়ার যোগ্যতা তাদের নাও থাকে- তাহলেও এটি জমা দিতে হবে।

- **হাসপাতাল, ক্লিনিক বা ডাক্তারের কাছ থেকে মৃত্যু সার্টিফিকেট গ্রহণযোগ্য নয়**। আপনার কেসের সাথে সম্পর্কযুক্ত আপনার স্বামী বা স্ত্রী অথবা আপনার প্রাক্তন স্বামী বা স্ত্রী বা আপনার পরিবারের কোন সদস্য যদি মৃত্যুবরন করে থাকে তাহলে আপনাকে অবশ্যই উপযুক্ত মৃত্যু নিবন্ধনকরন অফিস থেকে মৃত্যু সার্টিফিকেট আনতে হবে।

Embassy of the of United States of America

INSTRUCTIONS FOR MARRIAGE CERTIFICATES

According to Bangladeshi civil law all marriages in Bangladesh require registration with the appropriate Marriage Registrar.

For Muslim marriages the applicant should contact the Kazi office or the registrar who solemnized the marriage to obtain the marriage certificate and the Nikah Nama (Bengali and English version). Both the marriage certificate and the Nikah Nama (Bengali and English version) must be submitted during the visa interview.

In the absence of specific Bangladeshi governmental instructions regarding Hindu/Buddhist/Christian marriage registrations, Embassy Dhaka accepts any of the following:

Marriage registration with the City Corporation: A marriage certificate issued by a City Corporation registrar office that includes all the necessary information concerning the parties and the wedding ceremony. This is a certificate prepared on a standard, government-printed form that includes information concerning the identity of the concerned parties as well as the identity of the person registering the marriage.

Certification from a Priest/Church/Temple: A marriage certificate that was issued by the priest who solemnized the marriage or the administration of the Church/Temple where the marriage was solemnized. The format for these documents may vary but all will contain the same information regarding the concerned parties, the wedding ceremony and the information concerning the identity of the priest who registered the marriage.

IMPORTANT: Affidavits of marriage from applicants, relatives or family members will not be accepted.

বিবাহ সার্টিফিকেট - এর নির্দেশাবলী:

বাংলাদেশে সিভিল আইন অনুযায়ী বাংলাদেশের সকল বিবাহকেই উপযুক্ত বিবাহ নিবন্ধনকারকের সাথে নিবন্ধনকরন করতে হবে।

মুসলিম বিবাহের ক্ষেএে আবেদনকারীকে বিবাহের সনদপত্র এবং নিকাহনামার জন্য কাজী অফিস বা নিবন্ধনকারক যিনি বিবাহ পড়িয়েছেন তার সাথে যোগাযোগ করতে হবে। বিবাহ সনদপত্র এবং নিকাহনামা দুটোই (বাংলা বা ইংরেজী) অবশ্যই ভিসা ইন্টারভিউ-এর সময় জমা দিতে হবে।

যেহেতু হিন্দু/বৌদ্ব/খৃষ্টান বিবাহ নিবন্ধনকরনের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের নির্দিষ্ট কোন নির্দেশনা নেই সেহেতু ঢাকার মার্কিন দূতাবাস নিম্নে বর্নিত যেকোন একটি সনদপত্র গ্রহণ করে।

সিটি করপোরেশন কর্তৃক বিবাহ নিবন্ধনকরন: সিটি কর্রপোরেশনের বিবাহ নিবন্ধনকরন অফিস কর্তৃক ইস্যূকৃত বিবাহের সনদপত্র যেখানে বিবাহ অনুষ্ঠান ও উভয় পক্ষের প্রয়োজনীয় সব তথ্য অর্ন্তভুক্ত থাকে। এটা এমন একটা সনদপত্র যা মানসম্মত সরকারী ফর্মে প্রিন্ট করা এবং যার মধ্যে সংশ্লিষ্ট পক্ষগুলোর পরিচিতি এবং যে ব্যক্তি বিবাহ নিবন্ধন করেছেন তার পরিচিতি অর্ন্তভুক্ত করা আছে।

পুরোহিত/গির্জা/মন্দির হতে সনদপত্র: যে পুরোহিত বিবাহ পড়িয়েছেন তার দ্বারা অথবা যে গির্জা বা মন্দিরের প্রশাসন কর্তৃক ইস্যুকৃত বিবাহের সনদপত্র ।এই ধরনের কাগজের ফর্ম বিভিন্ন রকমের হতে পারে কিন্তু সব কাগজেই উভয়পক্ষ, বিবাহ অনুষ্ঠান এবং পুরোহিতের পরিচিতির ব্যাপারে একই ধরনের তথ্য থাকতে হবে।

গুরুত্বপূর্ন: আবেদনকারী, আত্বীয়স্বজন অথবা পরিবারের সদস্যদের থেকে বিবাহের এফিডেভিট কাগজ গ্রহণযোগ্য হবে না।

Embassy of the of United States of America

INSTRUCTIONS FOR OBTAINING POLICE CERTIFICATES:

Each visa applicant aged 16 or over must submit a police certificate from the police authorities for each of the following:

- their current residence in the country of their nationality,
- all other countries where the applicant has resided for at least one year, and
- any jurisdiction where the applicant has been arrested for any reason.

Bangladeshi citizen who requires a police certificate needs to submit the following documents to Police clearance one stop service room # 109 of the Dhaka Metropolitan Police Headquarters office (http://dmp.gov.bd/public/dmpuploads/files/Police%20Clearance.pdf) located 36, Shahid Captain Monsur Ali Road, Ramna, Dhaka. The documents are:

1. A formal application addressing to the Police Commissioner in order to obtain the police certificate (Click here to view a sample application).
2. Attested photo copies of your passport (attestation should be done by First Class Government gazette officer).
3. Fee receipt of BDT 500 per police certificate. This fee needs to be submitted as a bank draft at any branch of the Bangladesh Bank Sonali Bank. The code for the demand draft is 1-2201-0001-2681.
4. The permanent or present address mentioned on your passport should be located under the jurisdiction of the Dhaka Metropolitan area and you must reside on that address.
5. If you are residing outside of Bangladesh and you need to obtain a Bangladeshi Police certificate, then any relative or authorized person can submit your application on your behalf along with attested photo copies of your passport. The attestation should be done by the officials of the respected Bangladesh Embassy/Bangladesh High commission of the country where you are residing.
6. In case of Machine readable passports (MRPs), if your address is not mentioned on your passport, then you need to submit additional proof- for example, attested photocopies of your National ID card/Registered birth certificate/ Certificate from your Permanent Ward Councilor. The attestation should be done by First Class Government gazette officer.
7. Only applicants applying from “Spain” additionally need to submit three passport-sized photographs (attested) along with the above-mentioned documents. These documents must be submitted at the Departure Section # 3 of the Home Minister’s office addressing “Secretary-Home Ministry”.
8. After submitting the application and the required documents you or your authorized person will be primarily given a token with a serial number mentioning the date on which you can collect the police certificate. You or your authorized person needs to submit that token on the day of collecting the police certificate.
9. The Police clearance certificate will be issued after seven (07) days of submitting your application and the required documents.
10. Foreign Citizens residing or employed in Bangladesh/Foreign passport holders can also obtain Police clearance certificates by submitting the application and the required documents. They can either submit by themselves or any authorized person can submit them on their behalf.
11. If you are interested to receive your Police certificate via courier service, then you need to submit a service charge of BDT20. Your Police certificate will be delivered at your home.

If the address mentioned on your passport is outside Dhaka Metropolitan area, then you need to submit the above-mentioned documents along with an application addressing the Special Police Super under the jurisdiction of the district mentioned as your address. The application should be either Bengali or in English. All Police certificates will be in English and will be attested by the Foreign Ministry.

IMPORTANT NOTE: Current and former residents of the United States should NOT obtain any police certificates covering their residence in the United States. If the applicants have lived in any other foreign country for more than one year, they should submit a police certificate that covers the entire period of the applicant’s residence in that country.

ARREST RECORD: If any applicant has prior arrest record(s), he or she should submit police certificate(s) showing a record of all arrests, the reason for the arrest(s), and the disposition of each case. The documentation should cite the section of law covering the offense.

Police certificates from certain countries are unavailable. More specific information is available on line at http://travel.state.gov/visa/fees/fees_3272.html

Embassy of the of United States of America

পুলিশ সার্টিফিকেট উত্তোলন করার নির্দেশাবলী:

১৬ বছর বা তার চেয়ে বেশী বয়সী প্রত্যেক ভিসা আবেদনকারীকে নিম্নে উল্লেখিত পুলিশ কর্তৃপক্ষ থেকে পুলিশ সার্টিফিকেট জমা দিতে হবে:

- যে দেশের নাগরিক সেই দেশের বর্তমান আবাসস্হলের নিকটস্হ থানা থেকে।
- অন্য সমস্ত দেশের পুলিশ কর্তৃপক্ষ থেকে যে দেশে আবদনকারী অন্তত এক বছর বসবাস করেছেন।
- কখনো কোন কারনে ভিসা আবেদনকারী যদি আটককৃত হয়ে থাকেন তাহলে সেই কর্তৃপক্ষ থেকে।

ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর আওতাধীন ঢাকা মেট্রোপলিটন এলাকার অভ্যন্তরে অবস্থানরত নাগরিকগণকে পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট পাওয়ার জন্য নিম্নেলিখিত কাগজপত্র সহ ঢাকা মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স (http://dmp.gov.bd/public/dmpuploads/files/Police%20Clearance.pdf) ৩৬, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, রমনা, ঢাকা এর পুলিশ ক্লিয়ারেন্স ওয়ান স্টপ সার্ভিস, রুম নং-১০৯ এ আবেদন পত্র দাখিল করতে হবে।

১। পুলিশ কমিশনার মহোদয়ের বরাবরে সাদা কাগজে আবেদন পত্র। (নমুনা)

২। পাসপোর্টের সত্যায়িত ফটোকপি (১ম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত হতে হবে)।

৩। বাংলাদেশ ব্যাংক সোনালী ব্যাংকের যে কোন শাখায় ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ট্রেজারী চালান। চালানের কোড নম্বর (১-২২০১-০০০১-২৬৮১)।

৪। পাসপোর্টের উল্লেখিত স্থায়ী কিংবা অস্থায়ী ঠিকানার যে কোন একটি অবশ্যই ঢাকা মেট্রোপলিটন এলাকার অভ্যন্তরে এবং অবশ্যই ঐ ঠিকানায় বসবাস করতে হবে।

৫। যাহারা বিদেশে অবস্থান করছেন তাদের পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট পাওয়ার জন্য যে দেশে অবস্থান করছেন সে দেশের বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক পাসপোর্টের ফটোকপি সত্যায়িত করে তার পক্ষে আত্মীয়/অনুমোদিত ব্যক্তি আবেদন পত্র দাখিল করতে পারবেন।

৬। মেশিন রিডেবল পাসপোর্টের (এম আর পি) ক্ষেত্রে যদি পাসপোর্টে ঠিকানা উল্লেখ না থাকে তবে ঠিকানার প্রমাণ স্বরূপ জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র/স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর এর সনদপত্রের ফটোকপি ১ম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে দাখিল করতে হবে।

৭। শুধুমাত্র "স্পেন" সংক্রান্ত পুলিশ ক্লিয়ারেন্স পাওয়ার জন্য প্রার্থীকে তার আবেদনপত্রে উপরে উল্লেখিত কাগজপত্রের সাথে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত করে "সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের" বরাবর স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বহিরাগমন শাখা-০৩ এ দাখিল করতে হবে।

৮। আবেদনপত্র জমা দেওয়ার পর অত্র অফিস হতে প্রাথমিকভাবে সিরিয়াল নম্বরসহ একটি টোকেন প্রদান করা হবে, উহাতে পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রদানের তারিখ উল্লেখ থাকবে। সার্টিফিকেট গ্রহণের দিন উক্ত টোকেন জমা দিতে হবে।

৯। আবেদনপত্র জমা দেওয়ার ০৭ (সাত) দিন পর অত্র অফিস হতে পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রদান করা হবে।

১০। বাংলাদেশে বসবাস/কর্মরত বিদেশী নাগরিক/বিদেশী পাসপোর্টধারী ব্যক্তিগণ উপরোক্ত প্রয়োজনীয় কাগজপত্রসহ নিজে অথবা অনুমোদিত ব্যক্তি দ্বারা আবেদন পত্র দাখিল করে পুলিশ ক্লিয়ারেন্স সংগ্রহ করতে পারবেন।

১১। যে সকল প্রার্থী কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট পেতে ইচ্ছুক, তাদেরকে ২০ (বিশ) টাকা সার্ভিস চার্জ প্রদান সাপেক্ষে বাসায় পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট পৌছে দেয়া হবে।

পাসপোর্টে উল্লেখিত ঠিকানা যদি ঢাকা মেট্রোপলিটন এলাকার বাহিরে হয় তবে ঠিকানাটি যে জেলার অর্ন্তগত সেই জেলার বিশেষ পুলিশ সুপার বরাবর উপরে উল্লেখিত কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র বাংলা/ইংরেজি ভাষায় করতে হবে। **সকল পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট ইংরেজিতে হবে এবং পররাষ্ট্র মন্ত্রণালয় হতে সত্যায়িত করে দেয়া হবে।**

গুরুত্বপূর্ণ বিষয়: বর্তমানে অথবা অতীতে কোন আবেদনকারী মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করে থাকলে মার্কিন যুক্তরাষ্ট্রের আবাসস্হল থেকে পুলিশ সার্টিফিকেট আনতে হবে না। যদি কোন আবেদনকারী ভিন্ন কোন দেশে বসবাস করে থাকে তাহলে সেই দেশ থেকে পুলিশ সার্টিফিকেট আনতে হবে।

আটক রেকর্ড: যদি কোন আবেদনকারীর আটক হওয়ার রেকর্ড থেকে থাকে তাহলে তাকে অবশ্যই পুলিশ সার্টিফিকেট আনতে হবে। সেই সার্টিফিকেটে সমস্ত আটকের রেকর্ড, আটকের কারণ এবং মামলা নিষ্পত্তির বিবরণ থাকতে হবে। কাগজপত্রে অবশ্যই আইনের যে ধারায় অপরাধটি পরে তার উল্লেখ থাকতে হবে।

কোন কোন দেশের পুলিশ সার্টিফিকেট পাওয়া যায় না। বিস্তারিত তথ্যের জন্য http://travel.state.gov/visa/fees/fees_3272.html এ দেখতে পারেন।

Embassy of the of United States of America

PHOTO STUDIOS IN DHAKA

Below is a list of photo studios in Dhaka that are able to provide you the type of photograph necessary for your visa or passport application. **We are not recommending any particular studio to you**. We do know, however, that all the studios listed have done good work in the past. You may use any studio you wish and are not obligated to use any of the one's listed below:

Colorpoint Studio
3, Metropolitan Plaza, Gulshan-2 Circle
Dhaka-1212, Telephone: 8850159

Panorama
Commercial Photographer
L. Mallick Complex
12, Purana Paltan (2nd Floor)
Dhaka-1000, Bangladesh
Phone: 9553047, 01911-356856
E-mail:Panorama.mahbub@yahoo.com

Hollywood Picture Studio's
2-3 Zahed Plaza
30 North Avenue (Ground Floor)
Gulshan Circle-2 Dhaka 1212
Phone: 8815489, 01819-229868,

Qamar Photographers
18/2 Topkhana Road (1st Floor), Dhaka
Phones: 9563342, 011-074291

Sonargaon Studio
Russell Center
27 Hatkhola Road (Opposite of Ovishar Cinema Hall)
Dhaka-1203, Bangladesh
Phone: 9559892, 01714242567
E mail: lilymomotaz@hotmail.com

V.I.P. Photo Studio & Lab
Gulshan Palladium (1st floor), Road-95, Gulshan-2
Dhaka-1212, Bangladesh
Telephone: 9880697, 8881547, 01914-323438
E-mail: vipstd123@yahoo.com

Well Composed Photo Composition Examples



IMMIGRANT AND DV PHOTO REQUIREMENTS:

- Two (2) photographs are required.
- The photograph must be in color and must be taken against a white or off-white background. Photos with dark, busy, or patterned backgrounds will not be accepted.
- Photographs should be 2 x 2 inches (50 x 50) mm. The image size measured from the bottom of the chin to the top of the head (including hair) must not be less than 1 inch or more than $1^{3/8}$ inches.
- The applicant must face the camera directly, with both ears visible. Both eyes must be clearly visible.
- Photographs must show the subject in a front view with full face.
- In general, the applicant's head, including both face and hair, should be shown from the crown of the head to the tip of the chin on top and bottom and from hairline side-to-side.
- Head coverings and hats are only acceptable due to religious beliefs, and even then, may not cover any portion of the applicant's face.
- Sunglasses or other wear which detracts from the face are not acceptable unless required for medical reasons (an eye patch, for example).
- Photos of military, airline or other personnel wearing hats are not acceptable. Photographs of applicants wearing tribal, national costume, or other headgear not specifically religious in nature are not acceptable.
- Surface of the photograph must be glossy unretouched and not mounted.
- Photographs must be taken within 6 months prior to your appointment date to reflect your current appearance.

Embassy of the of United States of America

ঢাকার ফটো স্টুডিওসমূহ

পাসপোর্ট ও ভিসার আবেদন করার জন্য যে ধরনের ছবির প্রয়োজন হয় এবং ঢাকার যে সব ফটো স্টুডিও সে ধরনের ছবি তুলতে সক্ষম নীচে তার একটি তালিকা দেয়া হলো। আমরা আপনাকে নির্দিষ্ট কোন স্টুডিওতে ছবি তোলার পরামর্শ দিচ্ছি না। তবে, আমরা জানি যে, এই স্টুডিওগুলো অতীতে ভাল কাজ করেছে। তালিকায় উলিখিত স্টুডিও ছাড়াও আপনার ইচ্ছামাফিক যে কোন স্টুডিও থেকে আপনি ছবি তুলতে পারেন এবং কেবল এই স্টুডিওগুলোতে ছবি তোলার জন্য আপনি বাধ্য নন:

কালারপয়েন্ট স্টুডিও
৩, মেট্রোপলিটান পাজা, গুলশান সার্কেল ২
ঢাকা - ১২১২, বাংলাদেশ; ফোন: ৮৮৫০১৫৯

প্যানোরমা
কমার্শিয়াল ফটোগ্রাফার
এল মলিক কমপেক্স
১২, পুরানা পল্টন (৩য় তলা)
ঢাকা - ১২১৯, বাংলাদেশ; ফোন: ৯৫৫৩০৪৭

ভিআইপি ফটো স্টুডিও
গুলশান প্যালাডিয়াম (২য় তলা), রোড ৯৫, গুলশান ২
ঢাকা - ১২১২, টেলিফোন: ৯৮৮০৬৯৭

কামার ফটো স্টুডিও
১৮/২ তোপখানা রোড (১ম তলা), ঢাকা, বাংলাদেশ
ফোন: ৯৫৬৩৩৪২

সোনারগাঁও স্টুডিও
২৭ হাটখোলা রোড (অভিসার সিনেমা হলের নিকটে)
ঢাকা - ১২০৩, বাংলাদেশ
ফোন: ৯৫৫৯৮৯২, ০১৭১৪২৪২৫৬৭

হলিউড পিকচার স্টুডিও
২-৩ জাহেদ পাজা
৩০ নর্থ এভিনিউ (১ম তলা), **গুলশান ২, ঢাকা, ফোন: ৮৮১৫৪৮৯**

ভাল ভাবে তোলা ছবির উদাহরন:



অভিবাসন এবং ডিভি জন্য যে ধরনের ছবির প্রয়োজন:

- ভিসার আবেদন করার জন্য ২টি ছবির প্রয়োজন।
- সাদা অথবা অফ হোয়াইট পটভূমির সামনে তোলা ছবি অবশ্যই রঙ্গিন হতে হবে। গাঢ় অথবা সাজানো পটভূমিতে তোলা ছবি গ্রহনযোগ্য হবে না।
- ছবির মাপ হতে হবে ২ X ২ ইঞ্চি (৫০ X ৫০ মি.মি.)। ছবিতে চিবুক থেকে চুলসহ পর্যন্ত মুখের মাপ ১ ইঞ্চির কম এবং ১ ৩/৮ ইঞ্চির বেশী হতে পারবে না।
- আবেদনকারীকে অবশ্যই ক্যামেরার দিকে সরাসরি তাকাতে হবে যেন দুই কান দেখা যায়। দুই চোখ অবশ্যই পরিস্কারভাবে দেখা যেতে হবে।
- মুখোমুখি তোলা ছবিতে অবশ্যই আবেদনকারীর সম্পূর্ণ চেহারা দেখা যেতে হবে।
- সাধারনভাবে আবেদনকারীর মাথা, মুখমন্ডল ও চুলসহ মাথার উপরিভাগ হতে থুতনীর নীচ ভাগ পর্যন্ত এবং উভয় পাশের চুলের রেখা দেখা যেতে হবে।
- ধর্মীয় বিশ্বাসের কারনে মাথা ঢাকা বা টুপি পরা ছবি গ্রহনযোগ্য; কিন্তু তা কোনভাবেই আবেদনকারীর মুখমন্ডলের কোন অংশকে আড়াল করলে চলবে না।
- গাঢ় রঙের চশমা পরে বা চেহারার মধ্যে অন্যে কিছুতে মনোযোগ আকৃষ্ট করে এমন কোন কিছু পরে তোলা ছবি গ্রহনযোগ্য নয়, যদি না সেটি কোন মেডিকেলের কারনে প্রযোজ্য হয়ে থাকে (যেমন আহত চোখের উপর বাঁধার জন্য পট্টি/আচ্ছাদন)।
- সামরিক বাহিনী, বিমান কোম্পানী বা অন্য কোন প্রকারের টুপি পরা ছবি গ্রহণ করা হয় না। উপজাতীয় বা ধর্মীয় নয় এমন কোন মস্তকাবরনীসহ ছবি গ্রহনযোগ্য নয়।
- ছবির উপরিভাগ হবে গসি অর্থাৎ মসৃণ ও চকচকে।
- আপনার ছবিটি অবশ্যই ইন্টারভিউ এর আগের ৬ মাসের মধ্যে তুলতে হবে যাতে করে আপনার চেহারার বর্তমান অবস্থা বোঝা যায়।

Embassy of the of United States of America

Instructions for Medical Examination of Immigrant Visa Applicants

Each immigrant visa applicant must be medically cleared by a physician approved by the U.S. Embassy before visa issuance, and must carry and present his or her medical examination papers at the Port-of-Entry.

Each immigrant is responsible for arranging his or her own appointment for a medical examination prior to the visa interview. This means that he or she and the accompanying family members are required to visit an approved physician at least two weeks prior to the visa interview appointment date. This will allow time for the examining physician to complete your report in time for your interview. All applicants must bring their passport and four photos of themselves to the medical exam appointment. The list of U.S. Embassy-approved physicians is below. You may visit any one of them, the choice is yours.

Green Crescent Health Services	International Organization for Migration (IOM)	
Dhaka	**Dhaka**	**Dr. M. A. Wahab** **Road # 12, House # 3** **Baridhara Diplomatic Area** **Dhaka** **Tel: 984 7553, 984 3439, 985 5953, 01778 630677** **Fax: 882-6069** **E-mail: wahab@agni.com**
House # 60, Road – Park Road (North side of U.S. Embassy), Baridhara Diplomatic Zone, Dhaka – 1212 Cell: 0174-2388854, 0191-1352247 Tel: (88) (02) -9862384, 58817335, 58810486 Fax: (88) 02 882-9523 E-mail: gchsmed@gmail.com www.greencrescent.net, www.roadmapgreencrescent.com	1st & Ground floor, House 13/A, Road 136, Gulshan-1,Dhaka 1212, Bangladesh Tel: 01777761309, 01713481798 E-mail: dhakaha@iom.int	
Chittagong	**Sylhet**	
Green Crescent Medical Diagnostic House# 15/2, Road # 4, Khulshi Hill, Chittagong Mobile: 01786553377, 01796199638 Phone: + (88) (031) 656524, (031)656481 Email: doctors@greencrescentmedical.com www.greencrescentmedicaldiagnostic.com www.roadmapgreencrescent.com	Migration Health Assesment Clinic (MHAC) Medi-Aid Heart Centre South Dorga Gate (Near Minar) Dorga Moholla ,Sylhet – 3100 Tel: 0821-725056, 01777761309	

You must pay the doctor's fee; the U.S. Embassy will not reimburse you. The doctor is required to issue you a receipt. The examination fee is Taka 2400 for children under 15 years old and Taka 3950 for applicants 15 years and older.

Please note that additional required vaccinations may increase the cost. In order to prove any infectious diseases or TB, you will be required to complete additional laboratory tests. Sometimes the applicants are requested to be prepared to pay the additional cost within 5 days of their medical examination. Failure to appear within five (5) days for the tests may place an additional one year to process your case.

All immigrants must be vaccinated against infectious diseases. These immunizations are available from the approved physicians, and vary in cost. Immunizations may, on very rare occasions, cause undesirable side effects. You should consult with your physician about the risks and benefits of immunizations.

The panel physicians send your medical report directly to the Consular Section. It is important that you schedule your medical examination at least seven days before your scheduled interview. Applicants whose completed medical examination reports are not available at the time of their interview will not be interviewed.

Note that all children under 15 years old require a Tuberculosis Skin Test (TST) which requires visits to the panel physician over a three day period. This must be completed **before** your interview date.

No immigrant will be admitted to the United States if the medical exam is more than six months old. The expiration date of your Immigrant Visa will be exactly six months after you took your medical exam. *Example:* If you completed your medical exam on 15 June 2011, but your visa was not issued until 01 September 2011, your visa would still expire on 14 December 2011. Whether or not you should update your medical clearance depends on how soon after visa issuance you plan to travel to the United States.

Embassy of the of United States of America

অভিবাসী ভিসা আবেদনকারীদের মেডিক্যাল পরীক্ষা করানোর নির্দেশাবলী

ভিসা পাওয়ার আগে প্রতি অভিবাসী ভিসা আবেদনকারীকে দূতাবাসের অনুমোদিত চিকিৎসক দ্বারা স্বাস্থ্যগতভাবে অভিবাসনের উপযুক্ত বলে ঘোষিত হতে হবে। স্বাস্থ্যগতভাবে উপযুক্ততার এইসব কাগজ-পত্র যুক্তরাষ্ট্রের পোর্ট অফ এন্ট্রি বা প্রবেশ পথে অবশ্যই দেখাতে হবে।

প্রত্যেক অভিবাসীকে ভিসা সাক্ষাৎকারের আগে অবশ্যই নিজ দায়িত্বে স্বাস্থ্য পরীক্ষার জন্য ডাক্তারের কাছ থেকে সাক্ষাৎকারের সময় নিতে হবে। এর অর্থ এই যে, প্রধান আবেদনকারী মহিলা বা পুরুষকে দূতাবাসে তার ভিসার সাক্ষাৎকারের কমপক্ষে দুই সপ্তাহ আগে অনুমোদিত চিকিৎসকের কাছে পরিবারের সদস্যদের নিয়ে যেতে হবে। এতে করে সংশ্লিষ্ট চিকিৎসক আপনার সাক্ষাৎকারের আগে ডাক্তারি পরীক্ষার রিপোর্ট জমা দেয়ার মত পর্যাপ্ত সময় হাতে পাবেন। ডাক্তারি পরীক্ষার সময় সকল আবেদনকারীকে তাদের পাসপোর্ট ও চার কপি ছবি অবশ্যই সাথে নিতে হবে। যুক্তরাষ্ট্র দূতাবাসের অনুমোদিত চিকিৎসকদের তালিকা নীচে দেয়া হল। আপনি আপনার ইচ্ছামত তাদের যে কোন একজনকে দিয়ে আপনার ডাক্তারি পরীক্ষা করাতে পারেন।

গ্রীণ ক্রিসেন্ট হেল্থ সার্ভিসেস	ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন **(**আইওএম**)**	
ঢাকা	ঢাকা	
বাড়ি নং ৬০, রোড - পার্ক রোড (মার্কিন দূতাবাসের উত্তর দিকে), বারিধারা ডিপ্লোমেটিক জোন, ঢাকা। টেলিফোন: ৮৮০-২-৯৮৬২৩৮৪, ৫৮৮১৭৩৩৫, ৫৮৮১০৪৮৬ মোবাইল: ০১৭৪-২৩৮৮৮৫৪, ০১৯১-১৩৫২২৪৭ ফ্যাক্স: ৮৮২৯৫২৩ ই-মেইল: **gchsmed@gmail.com** ওয়েবসাইটঃ **www.greencrescent.net**	১ম এবং নীচ তলা, বাড়ী ১৩/এ, রোড ১৩৬, গুলশান - ১, ঢাকা ১২১২, বাংলাদেশ টেলিফোন - ০১৭৭৭৭৬১৩০৯, ০১৭১৩৪৮১৭৯৮ ইমেইল - dhakaha@iom.int	ডা .এম .এ .ওয়াহাব রোড নম্বর - ১২, বাড়ি নম্বর - ৩ বারিধারা কূটনৈতিক এলাকা, ঢাকা টেলিফোন: ৯৮৪-৭৫৫৩, ৯৮৪৩৪৩৯, ৯৮৫৫৯৫৩, ০১৭৭৮৬৩০৬৭৭ ফ্যাক্স: ৮৮২-৬০৬৯ ই-মেইল: **wahab@agni.com**
চট্টগ্রাম	**সিলেট**	
বাড়ী নম্বর ১৫/২, সড়ক ৪, কুলশি হিল, চট্টগ্রাম মোবাইলঃ ০১৭৮৬৫৫৩৩৭৭, ০১৭৯৬১৯৯৬৩৮ ফোনঃ(+৮৮০)(০৩১)৬৫৬৫২৪, (০৩১)৬৫৬৪৮১ ইমেইলঃ **doctors@greencrescentmedical.com** ওয়েবসাইটঃ **www.greencrescentmedicaldiagnostic.com** **www.roadmapgreencrescent.com**	মাইগ্রেশন হেল্থ এসেসমেন্ট ক্লিনিক মেডি-এইড হার্ট সেন্টার দক্ষিণ দরগা গেট (মিনারের নিকটে) দরগা মহল, সিলেট - ৩১০০ টেলিফোন:০৮২১-৭২৫০৫৬, ০১৭৭৭৭৬১৩০৯	

অবশ্যই ডাক্তারি পরীক্ষার ফি আপনাকেই দিতে হবে- দূতাবাস এই অর্থ আপনাকে কোনোভাবে ফেরত দিবে না। ডাক্তার তার নেয়া ফিসের একটি রশিদ আপনাকে দিবেন। ডাক্তারি পরীক্ষার ফিস হচ্ছে ১৫ বছরের কম বয়েসি শিশুদের জন্য ২৪০০ টাকা এবং ১৫ বছর বা তার বেশী বয়েসি আবেদনকারীদের জন্য ৩৯৫০ টাকা।

অনুগ্রহ করে মনে রাখবেন যে, যদি বাড়তি টিকাদানের দরকার হয়, তাহলে ডাক্তারি পরীক্ষার খরচ বেড়ে যাবে। আপনার শরীরে যক্ষা বা অন্যান্য সংক্রামক ব্যধির অস্তিত্ব পরীক্ষা করার জন্য আপনাকে ল্যাবরেটরিতে আরো কিছু পরীক্ষা করাতে হতে পারে। কিছু ক্ষেত্রে আবেদনকারীকে তাদের ডাক্তারি পরীক্ষার ৫ দিনের মধ্যে বাড়তি ফি জমা দেয়ার জন্য প্রস্তুত থাকা জরুরি। পাঁচ দিনের মধ্যে এই সকল টেস্টের জন্য উপস্থিত না হলে আপনার কেস প্রসেস করতে অতিরিক্ত এক বছর সময় লাগতে পারে।

সকল অভিবাসীকে সংক্রামক রোগনাশক টিকা অবশ্যই নিতে হবে। এই সব টিকা অনুমোদিত চিকিৎসকদের কছে পাওয়া যাবে এবং এগুলির এক একটির ব্যয় এক এক রকম। বিরল দুই একটি ক্ষেত্রে এই সব টিকার কারণে অনাকাঙ্ক্ষিত পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিতে পারে। আপনি চিকিৎসকের কাছে এই সব টিকার সুফল ও ঝুঁকি সম্পর্কে জেনে নিবেন।

অনুমোদিত প্যানেল চিকিৎসকরা আপনার মেডিক্যাল পরীক্ষার ফলাফল সরাসরি কনসুলার শাখায় পাঠিয়ে দেন। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আপনি দূতাবাসে আপনার সাক্ষাৎকারের নির্দিষ্ট তারিখের কম পক্ষে সাত দিন আগে ডাক্তারের সাথে সাক্ষাৎ করবেন। সাক্ষাৎকারের দিন যে সব আবেদনকারীর ডাক্তারি পরীক্ষার চূড়ান্ত রিপোর্ট দূতাবাসে এসে পৌছাবে না তাদের সাক্ষাৎকার নেয়া হবে না।

মনে রাখবেন যে, ১৫ বছরের কম বয়েসি প্রতিটি শিশুর টিএসটি বা যক্ষ্মার স্কিন টেস্ট করাতে হবে। এই পরীক্ষার জন্য প্যানেল ডাক্তারের কাছে পরপর তিন দিন যাবার দরকার হয়। এই পরীক্ষা আপনার সাক্ষাৎকারের তারিখের আগেই শেষ করাতে হবে।

যদি কারো ডাক্তারি পরীক্ষার রিপোর্ট ৬ মাসের বেশী পুরানা হয় তাহলে কোন আবেদনকারীকেই যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে দেয়া হয় না। আপনার ডাক্তারি পরীক্ষার তারিখ থেকে ঠিক ৬ মাস আপনার অভিবাসন ভিসার মেয়াদ বলবৎ থাকবে। যেমন, যদি আপনি আপনার ডাক্তারি পরীক্ষা ২০১১ সালের ১৫ই নভেম্বর তারিখে করিয়ে থাকেন, এবং যদি ০১ ফেব্রুয়ারী ২০১২ তারিখের মধ্যে আপনার ভিসা ইসু না হয়ে থাকে, তাহলেও আপনাকে দেয়া ভিসার মেয়াদ ২০১২ সালের ১৪ই মে শেষ হয়ে যাবে। ভিসা পাওয়ার পর কত দ্রুত আপনি যুক্তরাষ্ট্রে যাওয়ার পরিকল্পনা করছেন তার ওপর নির্ভর করবে আপনার মেডিক্যাল পরীক্ষার রিপোর্ট হাল নাগাদ করাতে হবে কি না।